বাংলাদেশ ইনস্টিটিউট অব পার্লামেন্টারী স্ট্যাডিজ

Global Gateway

Funded by the European Union



# জাতীয় বাজেট ২০২৪-২০২৫: সারসংক্ষেপ

## স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন

Finance Division, Ministry of Finance

**PFM Action Plan**

Component-12

*Strengthen Parliamentary Oversight and Scrutiny of Public Expenditure*

DT Global

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

বাজেট হেল্পডেস্ক ২০২৪

Technical Assistance to Support the Implementation of the PFM Reform Strategic Plan in Bangladesh

## ১. প্রেক্ষাপট

স্থানীয় সরকার এবং পল্লী উন্নয়ন বাংলাদেশের টেকসই উন্নয়ন ও এসংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সাথে সরাসরি সম্পর্কিত। ধনী দরিদ্রের আয়ের বৈষম্য দূর করে সমতা আনয়ন তথা গ্রাম ও শহুরে অর্থনীতির ব্যবধান হ্রাস করে নাগরিকের সমঅধিকার প্রতিষ্ঠাকল্পে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। বর্তমান সরকারের সময়ে গ্রাম উন্নয়নে নেয়া পদক্ষেপের ফলস্বরূপ ইতোমধ্যে গ্রামীণ অর্থনীতিতে প্রাণচাঞ্চল্য এসেছে, মৌলিক পরিষেবাসমূহের সম্প্রসারণ ঘটেছে, গ্রামীণ অবকাঠামোগত উন্নয়ন হয়েছে এবং দারিদ্র্য হ্রাস পেয়েছে।


বর্তমান সরকার গ্রামাঞ্চলের অবকাঠামো উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছে। বিগত ১৫ বছরে গ্রামাঞ্চলে মোট ৭৮ হাজার ২১৫ কিলোমিটার পাকাসড়ক নির্মাণ করা হয়েছে। এছাড়াও, ১ লক্ষ ২৫ হাজার ৯৭৩ কিলোমিটার পাকা পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ, ৪ লক্ষ ৪৫ হাজার ৮০৭ মিটার নতুন ব্রীজ নির্মাণ, ১ হাজার ৭৬৭টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ, এবং ৪১৮টি উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ/সম্প্রসারণ করা হয়েছে। ২ হাজার ৯১৯টি গ্রোথ সেন্টার ও হাট বাজার উন্নয়ন এবং ১ হাজার ৫১৬টি সাইক্লোন শেল্টার নির্মাণ/পুনর্নির্মাণ করা হয়েছে। এই সময়কালে শহরাঞ্চলে ১১ হাজার ৫২২ কিলোমিটার সড়ক/ফুটপাত নির্মাণ, ৪ হাজার ৭১৫ কিলোমিটার ড্রেন নির্মাণ, ১৮ হাজার ১০ মিটার ব্রীজ/কালভার্ট নির্মাণ, ৫০টি বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ ও ৫৭টি কমিনিউটি সেন্টার নির্মাণ করা হয়েছে।

জনসাধারণের জীবনমান উন্নয়নে সরকার পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থায় অভূতপূর্ব পরিবর্তন এনেছে। বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে সমগ্র দেশের গ্রামাঞ্চলে মোট ১১ লক্ষ ২৪ হাজার ৮০০টি নিরাপদ পানির উৎস, পৌর এলাকায় ১ হাজার ৪৮৪টি উৎপাদক নলকূপ, ১৫৯টি পানি শোধনাগার, ১৭ হাজার ৭৭৯ কি.মি. পাইপ লাইন স্থাপন/প্রতিস্থাপন, ১ হাজার ৬৩ কি.মি. ড্রেন ও ৬৯টি উচ্চ জলাধার স্থাপনসহ পুকুর খনন/পুনঃখনন করা হয়েছে। পানি সম্পদ খাতের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে ১ হাজার ৯২১ কিলোমিটার বাঁধ নির্মাণ/ পুনর্নির্মাণ, ১ হাজার ৯৩৪টি পানি সম্পদ অবকাঠামো/রেগুলেটর নির্মাণ, ৭ হাজার ৪০৫ কিলোমিটার খাল পুনঃখনন, ৩২টি রাবার ড্যাম নির্মাণ করা হয়েছে। এর ফলশ্রুতিতে, ৫ লক্ষ ৩৪ হাজার ১৭৪ হেক্টর জমির জলাবদ্ধতা নিরসন, পানি সংরক্ষণ ও সেচ সুবিধা বৃদ্ধি পেয়েছে।

## ২. স্থানীয় সরকার খাতে ২০২৪-২৫ বাজেট প্রস্তাবনা


আসন্ন ২০২৪-২৫ অর্থবছরে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে ৪৭ হাজার ৯৫৩ কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে, যা চলতি ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বরাদ্দের চেয়ে ২.৮ শতাংশ কম (লেখচিত্র ১)। আসন্ন ২০২৪-২৫ অর্থবছরে স্থানীয় সরকার খাতে বরাদ্দ মোট বাজেট বরাদ্দের ৬.০ শতাংশ (লেখচিত্র ২)।

**লেখচিত্র ১: বাজেটে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে বরাদ্দ**




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার, বিবরণী ২।


## লেখচিত্র ২: বাজেটে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে আনুপাতিক বরাদ্দ




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার, বিবরণী ২।

মন্ত্রণালয় ও বিভাগওয়ারী বরাদ্দ বিশ্লেষণে দেখা যায়, বিগত অর্থবছরগুলোর ন্যায় আসন্ন অর্থবছরেও স্থানীয় সরকার খাতের বাজেট বরাদ্দের বড় অংশ ব্যয় করবে স্থানীয় সরকার বিভাগ। এই বিভাগটির জন্য এবারের প্রস্তাবিত বরাদ্দ ৪৫ হাজার ২০৬ কোটি টাকা - যা এই খাতের মোট বরাদ্দের ৯৪.২ শতাংশ (লেখচিত্র-৩)। এছাড়াও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর জন্য যথাক্রমে ১ হাজার ৩৪৭ কোটি এবং ১ হাজার ৪০০ কোটি টাকার বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।

## লেখচিত্র ৩: মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে বরাদ্দ প্রস্তাবনা





তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার, বিবরণী-২, পৃ. ৭-৮।

## ৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্থানীয় সরকার খাতে বরাদ্দ

স্থানীয় সরকার খাতে মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ প্রস্তাব করা হয়েছে ৪০ হাজার ৩৮১ কোটি টাকা। এর মধ্যে স্থানীয় সরকার বিভাগে ৩৮ হাজার ৮০৮ কোটি টাকা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এবং পর্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের জন্য যথাক্রমে ৬৪৮ কোটি এবং ৯২৫ কোটি বরাদ্দ প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র-৪)। এবারের বাজেটের স্থানীয় সরকার বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দ মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দের ১৫.২ শতাংশ।

**লেখচিত্র ৪: স্থানীয় সরকার খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ প্রস্তাবনা**




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার, বিবরণী ১০।

## ৪. উপসংহার

তৃণমূল পর্যায়ে উন্নয়ন এবং কার্যকর জনসেবা প্রদানের জন্য বাজেটে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে সঠিক বরাদ্দ এবং এর সঠিক ব্যবহার নিশ্চিত জরুরী। স্থানীয় পর্যায়ে অবকাঠামোগত উন্নয়ন, প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার জনসাধারণের সম্পৃক্ততা এ খাতের উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখতে পারে। এ খাতের সংস্কার এবং উন্নয়নের মাধ্যমে একটি শক্তিশালী স্থানীয় সরকার ব্যবস্থা গড়ে তোলা সম্ভব, যার মাধ্যমে জনগণের প্রকৃত ও যথাযথ চাহিদা পূরণের বিষয়টি নিশ্চিত হতে পারে।

This printed material was produced with the financial support of the European Union. Its contents are the sole responsibility of DT Global and CPD, and do not necessarily reflect the views of the European Union.